

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিধি- ১ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং-০৫.০০.০০০০.১৭০.১১.০৩৫.১৭- ১) ৬

তারিখঃ ২২ চৈত্র, ১৪২৪  
০৫ এপ্রিল, ২০১৮

বিষয়ঃ জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারিকৃত গত ০৬ মার্চ ২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০৩৫.১৭-৬২ নং স্মারকের (খ) নং অনুচ্ছেদের নির্দেশনার স্পষ্টীকরণ।

জনপ্রশাসন মন্ত্রণালয় হতে গত ০৬ মার্চ ২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০৩৫.১৭-৬২ নং স্মারকের (খ) নং অনুচ্ছেদে সরকার নিম্নরূপ নির্দেশনা জারি করে:

“(খ) সকল সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোটার কোন পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হইলে সে সকল পদ মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের মধ্য হইতে পূরণ করিতে হইবে।”

উক্ত নির্দেশনা জারির ফলে সরকারি/আধাসরকারি স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত এবং বিভিন্ন কর্পোরেশন ও দপ্তরের সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিশেষ কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে নিম্নরূপ ব্যাখ্যাসহ স্পষ্টীকরণ করা হইল:

(ক) ১ম ও ২য় শ্রেণির পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে:

(১) ১ম ও ২য় শ্রেণির পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোটা বিষয়ে সরকারের গত ০৫ মে, ২০১০ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০৪.০৬৮.২০১০-১৫০ নং পরিপত্র অনুসরণপূর্বক বিশেষ কোটার অধীন কোনো জেলার বিতরণকৃত পদের সংখ্যা হইতে যোগ্য প্রার্থীর সংখ্যা কম হইলে উক্ত বিশেষ কোটার অপূর্ণ পদসমূহ জাতীয় ভিত্তিক স্ব-স্ব বিশেষ কোটার (অর্থাৎ মুক্তিযোদ্ধা, মহিলা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) জন্য প্রণীত জাতীয় মেধা তালিকা হইতে পূরণ করিতে হইবে।

(২) উক্ত সিদ্ধান্ত অনুসরণের পর সংশ্লিষ্ট নিয়োগের জন্য মহিলা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার কোনো কৃতকার্য প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদগুলো অবশিষ্ট কোটা অর্থাৎ জেলার সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করিতে হইবে।


(৩) উপরিউক্ত পদ্ধতিদ্বয় অনুসরণ করিবার পরও কোনো বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা, মহিলা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) পদ পূরণ করা সম্ভব না হইলে অপূরণকৃত সে সকল পদ জাতীয় মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ করিতে হইবে।

(খ) ৩য় ও ৪র্থ শ্রেণির পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে:

৩য় ও ৪র্থ শ্রেণির পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোনো বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী, এতিম ও শারিরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য) কোনো পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হইলে অপূর্ণ পদসমূহ জেলার প্রাপ্যতা অনুযায়ী স্ব-স্ব জেলার সাধারণ প্রার্থীদের মধ্য হইতে মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ করিতে হইবে।

(গ) কোটাসংক্রান্ত বিদ্যমান অন্যান্য বিধান অপরিবর্তিত থাকিবে।

(ঘ) উপরিউক্ত স্পষ্টীকরণ সকল মন্ত্রণালয়/বিভাগকে তাহাদের অধীন সরকারি, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের সকল পর্যায়ের নিয়োগকারী কর্তৃপক্ষকে অবগত করিতে অনুরোধ করা হইল।

  
[ড. মোঃ মোজাম্মেল হক খান]  
সিনিয়র সচিব ৫.৪.১৮

বিতরণঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজাগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব .....সকল মন্ত্রণালয়/বিভাগ।
৪. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. মহা-হিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রক, সিএভএজি'র কার্যালয়, ৪৩নং কাকরাইল সড়ক, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব [এপিডি], জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজাগাঁও, ঢাকা [পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ৩০০ (তিনশত) কপি প্রেরণের অনুরোধসহ]
- ✓ ৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় [ওয়েবসাইটে প্রকাশের জন্য]